যশোর বোর্ড-২০১৬

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

সৃজনশীল প্রশ্ন

সময়- ২ ঘণ্টা ১০ মিনিট | পূর্ণমান- ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶ মি. হক একজন অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী। তিনি অবসরকালীন ১০,০০,০০০ টাকা নির্দিষ্ট সময় শেষে দ্বিগুণ পাবেন ভেবে ব্যাংকে একটি হিসাব খুললেন। বাকি অর্থ দিয়ে তার ঘনিষ্ঠ বন্ধু মি. রাকিবের সাথে অংশীদারি ব্যবসায়ে লিপ্ত হলেন। যথারীতি মি. হক ও মি. রাকিবকে ব্যাংকে আরও একটি হিসাব খুলতে হলো।

ক. চলতি হিসাব কী? ১

খ. KYC ফর্ম বলতে কী বোঝ? ২

গ. মি. হক প্রথমে কোন ধরনের হিসাব খুলেছিলেন? বুঝিয়ে লেখো। ৩

ঘ. উদ্দীপকের মি. হকের হিসাবটি ও পরবর্তী হিসাবটির মধ্যে কতটুকু পার্থক্য বিদ্যমান? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

২.▶ 'X' ব্যাংক লি. 'C' ব্যাংক ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত। 'X' ব্যাংককে তার আমানতের একটি নির্দিষ্ট অংশ 'C' ব্যাংকে বাধ্যতামূলক জমা রাখতে হয়। 'C' ব্যাংক কর্তৃক বিভিন্ন নিয়ম-কানুনের মধ্যে থেকে 'X' ব্যাংক লি.-কে তার দৈনন্দিন কার্য পরিচালনা করতে হয়। 'C' ব্যাংকের নির্দেশনার বাইরে 'X' ব্যাংক লি. কোনো কজ করতে পারে না।

ক. কেন্দ্রীয় ব্যাংক কী? ১

খ. ‘কেন্দ্রীয় ব্যাংককে ঋণদানের শেষ আশ্রয়স্থল বলা হয় কেন? ২

গ. 'X' ব্যাংক লি.-এর একটি নির্দিষ্ট অংশ 'C' ব্যাংকে বাধ্যতামূলক জমা রাখার কারণ বুঝিয়ে লেখো। ৩

৩.▶ বাংলাদেশ কৃষিনির্ভর, শিল্পে অনুন্নত একটি দেশ। বর্তমানে জনগণের মাথাপিছু আয় বেড়ে মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে। ফলে বৈদেশিক বিনিয়োগ ক্রমশ বাড়ছে। কৃষি ও কৃষকদের উন্নয়নের লক্ষ্যে সহজ শর্তে ঋণদানের ব্যাংক ব্যবস্থা গড়ে ওঠেছে দেশব্যাপী। সরকার কৃষির পাশাপাশি শিল্পের উন্নয়নের কথা ভাবছেন।

ক. তারল্য কী? ১

খ. বাংলাদেশ কৃষি ব্যাংককে মিশ্র ব্যাংক বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে সরকার দেশের কৃষির উন্নয়নে কোন ধরনের ব্যাংক ব্যবস্থার কথা বলেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. কৃষির মতো শিল্পের উন্নয়নে বিশেষ ধরনের ব্যাংক ব্যবস্থার কি কোনো প্রয়োজন আছে? উদ্দীপকের আলোকে তা বিশ্লেষণ করো। ৪

৪.▶ দিনাজপুরের জনাব পাটোয়ারি একজন সৎ ব্যবসায়ী। অতিরিক্ত মূলধনের প্রয়োজন হওয়ায় তিনি স্থানীয় ব্যাংক হতে জমি বা দালানকোঠাসহ কোনো সম্পদ জামানত ছাড়াই (২) দুই বছরের জন্য ৩ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। অথচ জনাব আব্দুল হাই-এর সদ্য প্রতিষ্ঠিত ব্যবসায়ের একই পদ্ধতিতে ঋণ চাইলে ব্যাংক তার নিকট ঋণ পরিশোধের নিশ্চয়তাস্বরূপ স্থায়ী সম্পদের দলিল বন্ধক দিতে বলে।

ক. বাণিজ্যিক ব্যাংক কাকে বলে? ১

খ. সব ঋণে জামানত বাধ্যতামূলক নয় কেন? ২

গ. ব্যাংক জনাব পাটোয়ারিকে জামানত ছাড়া ঋণ প্রদানের কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব আব্দুল হাই-এর ক্ষেত্রে ব্যাংক যে ধরনের জামানত চাচ্ছে, জনাব পাটোয়ারির ক্ষেত্রে তা প্রযোজ্য নয় কেন? যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৫.▶

RC-0017102356

DBC ব্যাংক লি.
মতিঝিল শাখা, ঢাকা

৳ ১০,০০০,০০০

To,
সার্ক এন্ড কোং
নিউইয়র্ক, আমেরিকা
প্রত্যয়ন করা যাচ্ছে যে, রপ্তানিকৃত পণ্যের মূল্য বাবদ আপনাদের পাওনা দশ মিলিয়ন ডলার ২২ জুলাই ২০১৫ তারিখের মধ্যে সার্ক এন্ড কোং দিতে ব্যর্থ হলে আমাদের ওপর একটি বিল প্রস্তুত করুন।

ব্যাংক সিল | স্বাক্ষর
ম্যানেজার

ক. ভাসমান মুদ্রা কী? ১

খ. প্রত্যয়পত্র ছাড়া কি বৈদেশিক বাণিজ্য সম্ভব? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে অঙ্কিত দলিলটি কোন ধরনের ঋণের দলিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে সার্ক এন্ড কোং কীভাবে ১০,০০০,০০০ ডলার সংগ্রহ করতে সক্ষম হবে, তা ব্যাখ্যা করো। ৪

৬.▶ অশান্ত মধ্যপ্রাচ্য সংকটের কারণে তেলের মূল্য অস্বাভাবিক বৃদ্ধি পায়। সরকারের তেলের বাড়তি মূল্য মেটাতে হিমশিম অবস্থা। দেশের অভ্যন্তরেও অর্থ সংকট সৃষ্টি হয়। অর্থ সংকট মোকাবিলায় দেশের কেন্দ্রীয় ব্যাংক প্রচুর পরিমাণে কাগজি মুদ্রা ছাপিয়ে বাজারে ছাড়ে। দেশের অভ্যন্তরীণ অর্থ সংকটের সমাধান হলেও দ্রব্যমূল্য একলাফে কয়েকগুণ বেড়ে যায়।

ক. মুদ্রাস্ফীতি কাকে বলে? ১

খ. 'কেন্দ্রীয় ব্যাংক সরকারের ব্যাংক'— ব্যাখ্যা করো। ২

গ. দেশের অর্থবাজার সচল রাখতে কেন্দ্রীয় ব্যাংক কীভাবে অবদান রেখেছে উদ্দীপকের আলোকে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ঘটনাবলির আলোকে, দেশের অভ্যন্তরে দ্রব্যমূল্য বৃদ্ধির কারণ কী? কেন্দ্রীয় ব্যাংক কি দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে অবদান রাখতে পারে? বিশ্লেষণ করো। ৪

৭.▶ মি. খান ও মি. জামান ঘনিষ্ঠ বন্ধু। দুজনই 'কাঞ্চন লাইফ ইন্স্যুরেন্স লি-এর সাথে বিমা চুক্তিতে আবদ্ধ হন। মি. খান বাৎসরিক এককালীন প্রিমিয়াম পরিশোধ করেন। তিনি ভুলক্রমে নমিনি নির্ধারণ করেন নি। মি. জামান কিস্তিতে প্রিমিয়াম জমা দেন। মি. খান ৫ বছর পর মারা গেলে তার স্ত্রী ও মি. জামান উক্ত বিমা কোম্পানির নিকট বিমা দাবি চেয়ে আবেদন করলে বিমা কোম্পানিটি ক্ষতিপূরণে অপারগতা জানায়।

ক. সমর্পণ মূল্য কী? ১

খ. বিমা চুক্তিকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় কেন? ২

গ. কাঞ্চন লাইফ ইন্স্যুরেন্স লি. মি. জামানের ক্ষতিপূরণ না দেয়ার পিছনে কারণ কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. খান ও মি. জামান বিমা চুক্তিতে কী ধরনের ত্রুটি বিদ্যমান রয়েছে বলে তুমি মনে করো? উদ্দীপকের আলোকে তা বিশ্লেষণ করো। ৪

৮.▶ দিনাজপুরের জনাব আব্দুল লতিফ একটি জুট মিলের মালিক। জুট মিল সংলগ্ন দুটি পাটের গুদামও রয়েছে তার। তিনি ৫,০০,০০,০০০ টাকা মূল্যের মিলের জন্য 'মুন ইন্স্যুরেন্স' কোম্পানির নিকট ৩ কোটি ও 'সান ইন্স্যুরেন্স' কোম্পানির নিকট ১ কোটি টাকার বিমাপত্র গ্রহণ করেন। তাছাড়া গুদামের জন্য ৫০,০০,০০০ টাকা মূল্যের পাট আংশিক ক্ষতিগ্রস্ত হলেও 'স্টার ইন্স্যুরেন্স' কোম্পানি ৫০,০০,০০০ টাকাই বিমা দাবি পরিশোধ করবে মর্মে আরও একটি বিমাপত্র করেন। একদিন রাতে শর্টসার্কিট থেকে আগুনে জনাব লতিফের সব পাট পুড়ে যায় এবং মিলের কিছু অংশ আগুনে বিনষ্ট হয়, যার আর্থিক মূল্য ১,০০,০০,০০০ টাকা। অতঃপর আব্দুল লতিফ মুন, সান ও স্টার ইন্স্যুরেন্স কোম্পানির নিকট ক্ষতিপূরণ চেয়ে আবেদন করেন।

ক. স্থলাভিষিক্তকরণ নীতি কী? ১

খ. নির্দিষ্ট বিমাপত্র বলতে কী বোঝায়? ২

গ. 'স্টার ইন্স্যুরেন্স' কোম্পানি হতে জনাব আব্দুল লতিফের গৃহীত বিমাপত্রটি কোন ধরনের? বুঝিয়ে লেখো। ৩

ঘ. জনাব আব্দুল লতিফ মিলের ক্ষতির সম্পূর্ণ অর্থ কেন পাবে না? ব্যাখ্যা করো। ৪

৯.▶ মি. সালমান ও মি. কামাল একই কলেজে অধ্যাপনা করেন। কামাল সাহেবের মোটর সাইকেল আছে। জনাব সালমান সহকর্মী কামালের সাথেই মোটর সাইকেলে কলেজে যাতায়াত করেন। কামাল সাহেবের মোটর সাইকেলের জন্য X বিমা কোম্পানিতে একটি বিমা করা আছে। মি. সালমানও নিজের জন্য Y বিমা কোম্পানিতে বিমা করেছেন। একদিন মোটর সাইকেলে কলেজে যাওয়ার পথে মারাত্মক সড়ক দুর্ঘটনায় জনাব সালমানের মৃত্যু হয়।

ক. দায় বিমা কী? ১

খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের মি. সালমান নিজের জন্য কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের জনাব সালমান ও জনাব কামালের গৃহীত বিমাপত্রের বৈশিষ্ট্যগত পার্থক্য আলোচনা করো। ৪

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

সময়– ৪০ মিনিট   পূর্ণমান– ৪০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. বিমাযোগ্য ঝুঁকির বৈশিষ্ট্য হলো–
i. পরিমাপযোগ্য   ii. অনিশ্চয়তার ফসল
iii. পরিহারযোগ্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii   ⓚh i ও iii
ⓖ ii ও iii   ⓖh i, ii ও iii

২. ব্যাংক হিসাব প্রধানত কত ধরনের?
ক ২   খ ৩   গ ৪   ঘ ৫

উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।
A, B এবং C তিনটি বেসরকারি ব্যাংকের পরিচালনা পর্ষদ জোটবদ্ধ হয়ে কাজ করার জন্য একত্রিত হয়। সিদ্ধান্ত হয় যে, ব্যাংক A হোল্ডিং ব্যাংক হিসেবে কাজ করবে। অন্য ব্যাংকগুলো হবে সাবসিডিয়ারি ব্যাংক।

৩. উদ্দীপকের ব্যাংকগুলো কী ধরনের ব্যাংকিং কাজের সিদ্ধান্ত নিয়েছে?
ক গ্রুপ   খ শাখা   গ চেইন   ঘ একক

৪. উদ্দীপকে A ব্যাংকের বৈশিষ্ট্য হলো–
i. সাবসিডিয়ারি ব্যাংকগুলোর অধিকাংশ শেয়ারের মালিকানা অর্জন করা
ii. অধীনস্থ ব্যাংকগুলোর ওপর তদারক ও নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা
iii. সাবসিডিয়ারি ব্যাংকগুলোর পরিচালনা নীতি ও পদ্ধতি নির্ধারণ করে দেয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

৫. জীবন বিমার ন্যূনতম কত বছর পলিসি চালু থাকলে সমর্পণ মূল্য প্রদান করা হয়?
ক ১   খ ২   গ ৩   ঘ ৪

উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।
মিসেস লাবণী পৈতৃক সম্পদ বিক্রি করে বেশ কিছু অর্থ পান। চাকরিজীবী স্বামী মিসেস লাবণীকে উক্ত টাকা তার এরূপ ব্যাংক হিসাবে রাখার পরামর্শ দেন, যেখান থেকে তিনি ইচ্ছেমতো টাকা জমার পাশাপাশি কিছু লাভও পাবেন। কিন্তু মিসেস লাবণী অধিক আয়ের প্রত্যাশায় সবচেয়ে বেশি লাভের হিসাবে উক্ত অর্থ জমা করেন।

৬. উদ্দীপকে মিসেস লাবণীর স্বামী কোন ধরনের ব্যাংক হিসাব খুলেছিলেন?
ক স্থায়ী   খ চলতি
গ সঞ্চয়ী   ঘ পেনশন সঞ্চয়ী

৭. মিসেস লাবণী তার হিসাব থেকে যেসব সুবিধা পাবেন তা হলো–
i. ঝুঁকিবিহীন অধিক মুনাফা
ii. জমাকৃত অর্থের বিপরীতে ঋণের সুযোগ
iii. যে কোনো সময় অর্থ জমা ও উত্তোলনের সুযোগ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

৮. পে-অর্ডারের বৈশিষ্ট্য হলো–
i. এটি হস্তান্তর অযোগ্য ঋণের দলিল
ii. এটি প্রাপক ছাড়া অন্য কাউকে পরিশোধ করা হয় না
iii. এতে আদেষ্টা ও আদিষ্ট একই ব্যাংক শাখায় হয়ে থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

৯. কত সালে সর্বপ্রথম অগ্নিবিমার প্রচলন ঘটে?
ক ১৬০৭   খ ১৬০৮   গ ১৬০৯   ঘ ১৬১০

উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।
মেরিন শিপস-এর বিমাকৃত একটি জাহাজ চট্টগ্রাম থেকে কলম্বো যাবার পথে হারিয়ে যায়। অনেক খোঁজ-খবর নিয়ে এর কোনো সন্ধান পাওয়া যায় নি। বিমা কোম্পানি তখন মেরিন শিপসের বিমাকৃত পূর্ণ অর্থ পরিশোধ করে দেয়। কিছুদিন পর জাহাজটির সন্ধান পাওয়া যায়।

১০. উদ্দীপকে নৌ বিমার কোন বিশেষ নীতিটি এখন প্রযোজ্য হবে?
ক বিমাযোগ্য স্বার্থ   খ ক্ষতিপূরণ
গ স্থলাভিষিক্তকরণ   ঘ শর্তাবলি

১১. উদ্দীপকে বিশেষ নীতির বৈশিষ্ট্য হলো–
i. আংশিক ক্ষতির ক্ষেত্রে এটি নীতি কার্যকর হয় না
ii. বিমা দাবি পরিশোধের পর এটি কার্যকর হয়
iii. এটি ক্ষতিপূরণের নীতির অনুযায়ী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

১২. রপ্তানিকারকের দৃষ্টিকোণ থেকে প্রত্যয়নপত্রের সুবিধা হলো–
i. মূল্য প্রাপ্তির নিশ্চয়তা   ii. ঝুঁকি হ্রাস
iii. ঋণ প্রাপ্তির নিশ্চয়তা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।
রূপসা ব্যাংক জনাব ইব্রাহীমকে ২৫,০০০ টাকা ঋণ মঞ্জুর করে। এ অর্থ ইব্রাহীমকে নগদে না দিয়ে তার আমানত হিসাবে স্থানান্তর করা হয়। রূপসা ব্যাংক বিধিবদ্ধ তারল্য সঞ্চিতি হিসেবে ২০% অর্থ সংরক্ষণ করে থাকে।

১৩. উদ্দীপকে জনাব ইব্রাহিমের প্রদত্ত ঋণ থেকে রূপসা ব্যাংক কী পরিমাণ আমানত সৃষ্টি করতে পারবে?
ক ১,২৫,০০০   খ ৫,০০০
গ ২৫,০০০   ঘ ৫০,০০০

১৪. উদ্দীপকে রূপসা ব্যাংক যে পদ্ধতিতে ঋণ আমানত সৃষ্টি করেছে তার শর্তাবলি হলো–
i. দেশে একাধিক বাণিজ্যিক ব্যাংক এবং তাদের অসংখ্য শাখা থাকতে হবে
ii. দেশে সুষ্ঠু ও সঠিক মুদ্রাবাজারের উপস্থিতি থাকতে হবে
iii. ব্যাংকের মাধ্যমে লেনদেনে জনগণের অভ্যস্ত হতে হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

১৫. রপ্তানিকারক কর্তৃক পণ্যের উৎপত্তিস্থল সম্পর্কে ঘোষণাপত্রকে কী বলে?
ক প্রভবলেখ   খ জাহাজি দলিল
গ চলমান   ঘ চালানি রশিদ

১৬. POS সংশ্লিষ্ট উপকরণ হলো–
i. ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড
ii. ATM বুথ
iii. কার্ড একটিভেটেড টারমিনাল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

১৭. ১৯৬১ সালে প্রথম ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থার প্রবর্তন করে কোন ব্যাংক?
ক ফ্রানকিন ন্যাশনাল ব্যাংক
খ আমেরিকান এক্সপ্রেস ব্যাংক
গ দি ন্যাশনাল সিটি ব্যাংক অব নিউইয়র্ক
ঘ ব্যাংক অব ইংল্যান্ড

১৮. নৌ বিমায় 'ত্যাগ স্বীকার' কোন ক্ষতির আওতাভুক্ত?
ক প্রকৃত সামগ্রিক   খ বিশেষ আংশিক
গ উদ্ধারযোগ্য সামগ্রিক   ঘ সাধারণ আংশিক

১৯. অগ্নিজনিত ক্ষতির প্রত্যক্ষ কারণ কোনটি?
ক) ত্রুটিযুক্ত নির্মাণ খ) অবহেলা
গ) প্রতিষ্ঠানের প্রকৃতি ঘ) লাগোয়া অবস্থান

২০. গারনিশি অর্ডার জারি করেন কে?
ক) পাওনাদার খ) গ্রাহক
গ) দেনাদার ঘ) আদালত

২১. ১৮৮১ সালের হস্তান্তরযোগ্য দলিল আইনের কোন ধারায় চেক সম্পর্কে বলা হয়েছে?
ক) ধারা-৪ খ) ধারা-৫ গ) ধারা-৬ ঘ) ধারা-৭

২২.
১
২ cÉvcGKi wnmve
৩ nÖv¯ÍvšÍi‡hvM¨ bGn
৪ 'mvbvjx eÅvsK wj.

উপরে কোনটি বিশেষভাবে দাগটাকা চেকের নমুনা?
ক) ১ খ) ২ গ) ৩ ঘ) ৪

২৩. বাণিজ্যিক ব্যাংকের রক্ষাকবচ হলো–
i. চাহিবামাত্র ও স্বল্পমেয়াদি ঋণ
ii. নগদ অর্থ ও প্রাথমিক জমা
iii. বিনিময় বিল ক্রয় ও বাট্টা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. MICR কোনটির সাথে সম্পৃক্ত?
ক) চেক খ) প্রত্যয়নপত্র
গ) ডেবিট কার্ড ঘ) ক্রেডিট কার্ড

উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও।
বৈমানিক এস কে হারুন এককালীন ১০ লক্ষ টাকা দিয়ে ২ বছরের জন্য একটি বিমাপত্র খোলেন। ২ বছর অতিবাহিত হওয়ার পর তিনি বিমা দাবি করলে বিমাকারী বিধি মোতাবেক দাবি প্রত্যাখ্যান করে।

২৫. উদ্দীপকে এস কে হারুনের বিমাপত্রটি কোন ধরনের?
ক) সাধারণ মেয়াদি খ) সাময়িক
গ) বিশুদ্ধ মেয়াদি ঘ) বহুমুখী সুবিধা

২৬. উদ্দীপকে বিমাপত্রটির জন্য বিশেষভাবে প্রযোজ্য–
i. নির্দিষ্ট মেয়াদের মধ্যে বিমাগ্রহীতা মারা গেলে বিমা দাবি পরিশোধ হয়
ii. সাধারণত এরূপ বিমা বহু কিস্তি সম্পন্ন হয়
iii. ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত ব্যক্তিরা এরূপ বিমা করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. 'কেন্দ্রীয় ব্যাংক হল ঋণদানের শেষ আশ্রয়স্থল'– এটি কার উক্তি?
ক) অধ্যাপক পি. কেন্ট খ) ডব্লিউ এ 'শ'
গ) কিস ও এলকিন ঘ) অধ্যাপক আর জি হট্রে

২৮. একজন গ্রাহকের নিকট ব্যাংক হিসাব নির্বাচনের বিবেচ্য বিষয় হলো–
i. ব্যাংকের অবস্থান ii. গ্রাহকের পেশা
iii. সেবা ও লেনদেনের ধরন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৯. শস্য বিমার ক্ষেত্রে কোনটি অর্থনৈতিক ঝুঁকির অন্তর্ভুক্ত?
ক) মূল্য হ্রাস খ) শিলা বৃষ্টি
গ) আত্মসাৎ ঘ) চুরি

৩০. পণ্য নিক্ষেপ (Jettison) কোন ধরনের সামুদ্রিক ক্ষতি?
ক) গচ্চা খ) ত্যাগ স্বীকার
গ) আনুষঙ্গিক খরচ ঘ) বিশেষ খরচ

৩১. ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে?
ক) প্রিমিয়াম খ) বোনাস
গ) বৃত্তি ঘ) নগদ

উদ্দীপকটি পড়ো এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও।
বাংলাদেশ ব্যাংক আবাসন, প্লাস্টিকজাত পণ্য ও হোম টেক্সটাইল খাতে সহজ শর্তে অধিক ঋণদানের নীতি গ্রহণ করেছিল। ফলে দেশের মুদ্রাবাজারে বিরূপ প্রভাব পড়ে যায়। এহেন পরিস্থিতি থেকে উত্তরণের জন্য বাংলাদেশ ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে উল্লিখিত খাতসমূহে ঋণদানের কোটা কমিয়ে দেয়ার নির্দেশনা জারি করে।

৩২. নিচের কোন বিষয়টি বিবেচনা করে বাংলাদেশ ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের সিদ্ধান্ত নেয়?
ক) মুদ্রা সংকোচন খ) মুদ্রাস্ফীতি
গ) লেনদেনের ভারসাম্য ঘ) সম্পদের সুষম বণ্টন

৩৩. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক ঋণ নিয়ন্ত্রণের কোন নীতির প্রতিফলন হয়েছে?
ক) ঋণের বাছাইকরণ নীতি খ) আনুপাতিক হার নীতি
গ) খোলাবাজার নীতি ঘ) ব্যাংক হার নীতি

৩৪. সমস্যাগ্রস্ত ঋণের কারণগুলো হলো–
i. ঋণ ফেরত দেয়ার ইচ্ছা ও দেয়ার সামর্থ্য
ii. ব্যাংক ব্যবস্থাপনার অদক্ষতা ও অক্ষমতা
iii. ঋণ ফেরত দেয়ার অনিচ্ছা ও দেয়ার অসমর্থতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৫. ক্রয় ক্ষমতা সমতা তত্ত্বটির প্রবক্তা কে?
ক) জে. এম কীনস খ) গুস্টাভ ক্যাসেল
গ) পি. স্যামুয়েলসন ঘ) ডি. কক

৩৬. বাংলাদেশে বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক সংস্থা কোনটি?
ক) BIA খ) BIDC
গ) BIDA ঘ) IDRA

৩৭. সম্পত্তি দুর্ঘটনা বিমার অন্তর্গত হলো–
i. মোটরযান বিমা ii. শস্য বিমা
iii. পণ্য দায় বিমা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৮. বাণিজ্যিক ব্যাংকগুলোর দৈনিক নগদ জমার অত্যাবশ্যকীয় হার কত?
ক) ৪.৫% খ) ৫.৫% গ) ৬.৫% ঘ) ৭.৫%

উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।

RBL Rupsha Bank Limited JSB
Payable at any in Date : DDMMYYYY
130274
Pay To Mr. Shamim Or Bearer
The Sum of Taka Fifty Thousand
Tk. 50,0000
Mr. Karim
SBA/C No:0240310005432
Mr. Karim
Place Sign Above
"1000923" 130274243: 012847587200
NCB Systemsodia 7345302/2009

৩৯. উদ্দীপকের চেকটি কোন ধরনের?
ক) বাহক চেক খ) উপহার চেক
গ) সাধারণ দাগকাটা চেক ঘ) বিশেষ দাগকাটা চেক

৪০. উদ্দীপকে বর্ণিত চেকের ক্ষেত্রে–
i. নির্দিষ্ট ব্যাংকে শামীম সাহেবের হিসাবে জমা দিয়ে অর্থ সংগ্রহ করা যাবে
ii. জনাব শামীম এ চেককে দাগ ছাড়া চেকে রূপান্তর করতে পারেন
iii. এ ধরনের চেকের মাধ্যমে ব্যাংক ঋণ আমানত সৃষ্টি করতে পারে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তরমালা

১	ক	২	খ	৩	ক	৪	ঘ	৫	খ	৬	গ	৭	ক	৮	ঘ	৯	গ	১০	গ	১১	গ	১২	ক	১৩	ক	১৪	ঘ	১৫	গ	১৬	খ	১৭	গ	১৮	ঘ	১৯	খ	২০	ঘ
২১	খ	২২	ঘ	২৩	ঘ	২৪	ক	২৫	খ	২৬	খ	২৭	ঘ	২৮	গ	২৯	ক	৩০	খ	৩১	ক	৩২	খ	৩৩	ক	৩৪	গ	৩৫	ঘ	৩৬	ঘ	৩৭	ক	৩৮	গ	৩৯	গ	৪০	গ